গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন -১
www.lgd.gov.bd

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.০০৩.২৪.২২৮ তারিখ: ৩০ ফাল্গুন ১৪৩০
১৪ মার্চ ২০২৪

বিষয়: **রিট পিটিশন নং ৯৯৯/২০২৪ হতে উদ্ভূত Civil Miscellaneous Petition (CMP) নং ৯৯/২০২৪-এ মাননীয় আপীল বিভাগের গত ০৮/০২/২০২৪ খ্রি. তারিখের আদেশের কপি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ।**

সূত্র: Civil Miscellaneous Petition (CMP) নং ৯৯/২০২৪-এর আদেশ, তারিখ-০৮/০২/২০২৪ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জেলা প্রশাসকের কার্যালয়, ফরিদপুর (জে. এম শাখা)-এর গত ২৯/০১/২০২৪ খ্রি. তারিখের ০৫.১২.২৯০০.০২২.২৯.০০২.২৪-৭৩ সংখ্যক স্মারকাদেশে ফরিদপুর জেলার সদরপুর উপজেলাধীন বাইশরশি ফরিদপুর স্পিনিং মিল মাঠ ও সংলগ্ন মাঠে জাকের পার্টি কর্তৃক পবিত্র বিশ্ব ইসলামী সম্মেলন/২০২৪ আয়োজনের অনুমতি প্রদান করা হয়। ফলে পিটিশনার জনাব মাহফুজুল হক সংক্ষুব্ধ হয়ে মাননীয় হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ৯৯৯/২০২৪ দায়ের করেন। মাননীয় হাইকোর্ট বিভাগ তর্কিত বিষয়ে ০৩(তিন) মাসের স্থিতাবস্থা বজায় রাখার আদেশ দেন।

২। বিবেচ্য মোকদ্দমা হতে উদ্ভূত Civil Miscellaneous Petition (CMP) নং ৯৯/২০২৪-এ মাননীয় আপীল বিভাগ গত ০৮/০২/২০২৪ খ্রি. তারিখে নিম্নোক্ত আদেশ প্রদান করেন:

ORDER

"...both the parties are directed to maintain peaceful law and order situation and the Superintendent of Police, Faridpur is also hereby directed to take proper initiative so that both the Urs can be held in a peaceful manner."

৩। এমতাবস্থায়, রিট পিটিশন নং ৯৯৯/২০২৪ হতে উদ্ভূত Civil Miscellaneous Petition (CMP) নং ৯৯/২০২৪-এ মাননীয় আপীল বিভাগের গত ০৮/০২/২০২৪ খ্রি. তারিখের আদেশের কপি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে.....পাতা। (8520/potrojariAttachmentRef/53147/0/2240)

১৫-৩-২০২৪
পূরবী গোলদার
সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ০২৫৫১০০৯৯৫
ইমেইল: lglaw1@lgd.gov.bd

বিতরণ :
১) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, ফরিদপুর
২) পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয়, ফরিদপুর

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.০০৩.২৪.২২৮/১(৪) তারিখ: ৩০ ফাল্গুন ১৪৩০
১৪ মার্চ ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ

২) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ

৩) ব্যক্তিগত কর্মকর্তা (চলতি দায়িত্ব), অতিরিক্ত সচিবের অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ

৪) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ

১৫-৩-২০২৪

পূরবী গোলদার

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)